চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় গণ সমাবেশে দিলীপ কুমার আগরওয়ালা

চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় বিশাল গণ সমাবেশ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বিকাল চারটায় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলা চত্বরে এই গণ সমাবেশ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় বিশেষ দোয়া এবং জামায়াত -বিএনপির নৈরাজ্য ও নির্বাচনের বানচালের দেশি-বিদেশি ষড়যন্ত্র রুখে দিতে এই বিশাল গণ সমাবেশ আয়োজন করা হয়। এসময় গণসমাবেশটি সভাপতিত্ব করেন ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগের সাবেক সভাপতি কাওসার হোসেন বাবলু।

সমাবেশের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোওয়াত ও গীতা থেকে পাঠ করে সমাবেশটি শুরু হয়।

এরপর গণ সমাবেশের প্রধান অতিথি বাংলাদেশ আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য ও ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা বলেন, আজকের জনসমাবেশের মধ্যে দিয়ে বিএনপি জামায়াত যে আগামী নির্বাচনের চক্রান্ত বানচাল করতে হবে। এটাই আমাদের অঙ্গিকার। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত আবার শক্তিশালও করবো। তাই সবাইকে নৌকায় আবার ভোট দিয়ে জয়যুক্ত করতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচন তাই সকলকে প্রস্তত করতে হবে। বিএনপি জামায়াতকে প্রতিহত করতে হবে। সবাই সবার জায়গা থেকে কাজ করতে হবে রাজপথে। বিএনপি এ দেশের মানুষের জন্য উন্নয়ন করতে পারবে না। আমরা কেউ ঘরে বসে থাকবো না। কঠোর তৎপর ও শক্তি দিয়ে বিএনপির নৈরাজ্যকে দমন করবো। নৌকা প্রতিককে শ্রদ্ধা করতে হবে। নৌকা যার আমি তার। জননেত্রী শেখ হাসিনা যে ভাবে উন্নয়ন করে যাচ্ছেন। এই উন্নয়ন ধারা করে যাবেন তিনি। এই জন্য সবাইকে ঐক্যবোধ্য হয়ে ভোট দিতে হবে নৌকা মার্কায়। চুয়াডাঙ্গা জেলা স্মার্ট করতে হলে বাংলাদেশ আওয়ামী লীগকে জয়যুক্ত করতে হবে।

তিনি আরো বলেন ইউরোপীয় ও আমেরিকার যে প্রতিনিধি দল দেশ এসেছে, তারা সুষ্ঠু এবং অবাধ নির্বাচনের কথা বলেছেন। আমরাও সুষ্ঠু-অবাধ ও নিরপেক্ষ নির্বাচন চাই। বিএনপি বলছে, তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন হতে হবে এবং এই সরকারের অধীনে কোনো নির্বাচন হবে না। তারা যাদেরকে নালিশ করে ডেকে নিয়ে এসেছে তারাও সুষ্ঠু ও

অবাধ নির্বাচনের কথাই বলেছে। তাদের কেউ অংশগ্রহণমূলক নির্বাচনের কথা বলে নাই। এমনকি তত্ত্বাবধায়ক সরকারেরও কথা বলেনি

সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা নেই। দেশের প্রত্যেক নাগরিককে সংবিধান মানতে হবে। আমাদেরও সাফ কথা, সংবিধানের বাইরে আমরা এক চুলও নড়ব না। এই সরকারের অধীনে নির্বাচন হতে হবে। আওয়ামী লীগ মাঠে ঘাটে থাকা দল। রাজপথে নৈরাজ্য করলে এবার থেকে আর প্রতিবাদ নয়, প্রতিরোধ করা হবে।

এসময় সভায় উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, কালিদাস পুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মঈনউদ্দীন পারভেজ, পদ্মবিলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আবু তাহের বিশ্বাস, চিৎলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জিল্লুর রহমান, চুয়াডাঙ্গা কৃষকলীগের সভাপতি গোলাম ফারুক জোয়ার্দ্দার, কুতুবপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শাখাওয়াত হোসেন টাইগার, ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপু, প্রমুখ।

গণসমাবেশের শেষ পর্বে সন্ত্রাসীদের হাতে নিহত আলমডাঙ্গা স্বেচ্ছাসেবক লীগের নেতা ইমরানের পরিবারের মাঝে এক লাখ টাকা তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি দিলীপ কুমার আগরওয়ালা। এ সময় তিনি কর্মীদের মুল্যায়ন করার জন্য সকল নেতাদের আহবান জানান।

আলমডাঙ্গায় গ্রাম্য চিকিৎসক হত্যা মামলার মূল রহস্য উদঘাটন;গ্রেফতার-২

চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় পূর্বশত্রুতার জের ধরে গ্রাম্য চিকিৎসক তৌহিদুল ইসলামকে হত্যা মামলার মূলরহস্য উদঘাটন সহ ২ জনকে গ্রেফতার করা হয়েছে এবং আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করা হয়েছে।

ডম্বলপুর-মাধবপুর সংযোগ ব্রিজের নিকট পৌঁছালে ২নং আসামী সানোয়ার গতিরোধ করে এবং ১নং আসামী পিছন থেকে গলায় গামছা ও মুখের ভিতরে সাদা গেঞ্জি ঢুকায়ে শ্বাসরোধ করে। শ্বাসরোধ করে হত্যা নিশ্চিত করে ঘটনা অন্যদিকে প্রবাহিত করার জন্য ভিকটিমের গলায় রশি দিয়ে ব্রিজের রেলিংয়ের সাথে ঝুলিয়ে দেয়। আসামীদ্বয়কে আদালতে সোপর্দ করা হয়। ১নং আসামী স্বেচ্ছায় দোষ স্বীকার করে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের নিকট স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করে।

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পথসভা ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশী আফরোজা পারভীনের নেতৃত্ব চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নের বিভিন্ন এলাকায় রবিবার দিনব্যাপী পথসভা ও গণসংযোগ অনুষ্ঠিত হয়।

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে পথসভা কর্মী সমাবেশ উঠান বৈঠক ও গণসংযোগ করছেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভীন। এ সময় আফরোজা পারভীন শেখ হাসিনা সরকার উন্নয়ন চিত্র তুলে ধরেন এবং দেশের উন্নয়নের জন্য আবারো নৌকা মার্কায় ভোট চান। গণসংযোগ কালে আওয়ামী লীগে সরকারের উন্নয়ন চিত্র তুলে ধরে তিনি লিফটেল বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-

আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ

দর্শনায় আন্তর্জাতিক প্রবীণ দিবস পালন

আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে দর্শনায় প্রবীন কমিটির উদ্যোগে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল ১০ টার দিকে দর্শনা পুরাতন বাজার মোড় থেকে প্রবীণ কমিটির সদস্যরা দর্শনার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা পৌর হল রুমে এসে শেষ হয়।

দর্শনা পৌর হলরুমে সাবেক উপাধ্যক্ষ মোশারেফ হোসেনের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যানর ও দর্শনা পৌর আ’লীগের সাধারন সম্পাদক আলী মনসুর বাবু।

এ সময় তিনি বলেন প্রবীণরা সমাজের বুঝা নয়। প্রবীনরা সমাজের বট বৃক্ষ তাদের দ্বারা পূর্বে সমাজের অনেক জ্ঞানের আলো ছড়িয়েছেন। প্রবীণরা সমাজের উন্নয়নের চাবিকাঠি হয়ে আছেন এলাকার সমস্যা সুবিধা অসুবিধা গুলো আমাদের কাছে তুলে ধরেন তাদের এই জ্ঞানগর্ভ আলোচনার মাধ্যমে যেকোনো সমস্যার সমাধান করা সহজ হয়। আমরা যারা সমাজের নেতৃত্ব দিই আমাদের খেয়াল রাখতে হবে যাতে কোন এলাকায় প্রবীনরা অবহেলার পাত্র না হয়।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু, বীর মুক্তিযোদ্ধা ফজলুর রহমান, দর্শনা ইমাম পরিষদের সভাপতি মাওলানা নুরুল ইসলাম, সমাজসেবক আকমত আলী।আলোচনা শেষে প্রবীন কমিটির অন্যতম সদস্য হাজী জয়মৃল ইসলাম কচি সদ্য মৃত্যু

বরণ করেন কচি মিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন মাওলানা নুরুল ইসলাম। পরিশেষে আন্তর্জাতিক প্রবীন দিবস উপলক্ষে কেক কাটার মধ্যে দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ট্যাপেন্টাডল ও মদসহ আটক ৪

আলমডাঙ্গা থানাপুলিশের পৃথক অভিযানে চোলাই মদ ও ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ ৪ জনকে আটক করেছে পুলিশ। আজ রবিবার দিবাগত রাতে থানাপুলিশ অভিযান চালিয়ে কামালপুর ও পারকেষ্টপুর গ্রাম থেকে এসব মাদকদ্রব্য উদ্ধার করে।

আটকৃতরা হলেন- পৌর এলাকার বাবুপাড়ার মৃত ইফতেখারুল কাওনাইনের ছেলে সুষম কাওনাইন (৩৬)। এছাড়াও যশোর কোতয়ালী থানার খোলাডাঙ্গা ধর্মতলা এলাকার দুধ কুমার বিশ্বাসের ছেলে বিপুল কুমার দাস (২৮), চুয়াডাঙ্গার মুক্তিপাড়ার সুবল সর্দারের ছেলে শুভ্রদেব (২৫), আলমডাঙ্গা উপজেলার আলিহাট নগরের মহির উদ্দিনের ছেলে ফরিদ হোসেন (৩২)। পৃথক অভিযানে ৩শ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও ২৫ লিটার চোলাই বাংলা মদ উদ্ধার করে পুলিশ।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার কামালপুর গ্রামে মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রি হচ্ছে। এমন গোপন সংবাদ পায় পুলিশ। তথ্যের ভিত্তিতে আলমডাঙ্গা থানাপুলিশ মাদক বিরোধী অভিযান চালায়। এসময় কামালপুর গ্রাম থেকে সুষম কাওনাইনকে আটক করে। তার শরীর তল্লাশী করে ৩শত পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।

এদিকে, শনিবার মধ্য রাত ১১ টার দিকে মুন্সিগঞ্জের পারকেষ্টপুর হতে আলমডাঙ্গায় চোলাই মদ পরিবহনের গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায় পাঁচকমলাপুর ফাঁড়ি পুলিশ। এসময় পারকেষ্টপুর ব্রিজ নিকট পুলিশ চেকপোস্ট বসায়। দ্রুত গতির এ্যাপাসি আরটিআর

মোটরসাইকেল গতিরোধ করে। তাদের নিকটে থাকা ২৫ লিটার চোলাই মদ ও একটি ব্যবহৃত মোটরসাইকেল জব্দ করে।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে আটক ৩

দামুড়হুদা মডেল থানার পুলিশ মাদক বিরোধী পৃথক পৃর্থক স্থানে অভিযান চালিয়ে গাঁজা ও ইয়াবা ট্যবলেটসহ তিনজনকে আটক করতে সক্ষম হয়েছে। আটকৃরা হলো আতিকুল ইসলাম (৩০) ফকির পাড়া গ্রামের বদর উদ্দিনের ছেলে,আশরাফ (৩৫) গোবিন্দহুদা গ্রামের গোলাম হোসেনের ছেলে ও একই গ্রামের আক্কাস আলী(২৪) মৃত আঃ মজিদের ছেলে।

আজ রবিবার ফকির পাড়া ও গোবিন্দ হুদা বিল পাড়ায় থেকে তাদেরকে আটক করা হয়।

পুলিশ জানায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর এর তত্ত্বাবধানে গোপন সংবাদের ভিত্তিতে এসআই মোঃ রিয়াজুল ইসলাম, এসআই মোঃ তৌহিদুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে ফকির পাড়া গ্রামের বদর উদ্দিনের ছেলে আতিকুর রহমানকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ৫ শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। একই দিনে গোবিন্দ হুদা গ্রামের গোলাম হোসেনের ছেলে আশরাফ ও একই গ্রামের মৃত আব্দুল মজিদের ছেলে আক্কাস আলিকে আটক করেন। পরে তাদের দেহ তল্লাশী করে ৭০ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

তাদের বিরোদ্ধে দামুড়হুদা মডেল থানায় পৃথক পৃথক মামলা দায়ের করা হয়েছে। আজ তাদেরকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে জানায় পুলিশ।

আলমডাঙ্গার মাধবপুরে গাছের গুড়ির আঘাতে স্কুলছাত্রের মৃত্যু

আলমডাঙ্গার মাধবপুরে গাছের গুড়ি, আলমসাধু গাড়িতে তুলতে গিয়ে ছিটকে পড়ে আঘাত প্রাপ্ত হয়ে এক স্কুল ছাত্র নিহত হয়েছে। রবিবার সকাল সাড়ে ৮টার দিকে উপজেলার ডাউকি ইউনিয়নের মাধবপুর গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত হযরত (১৪) উপজেলার ডাউকি ইউনিয়নের মাধবপুর গ্রামের হাবিল উদ্দিনের ছেলে। সে স্থানীয় মাধবপুর মডেল মাধ্যমিক হাইস্কুলের ৮ম শ্রেণীর শিক্ষার্থী ছিল।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, রবিবার সকালে মাধবপুর গ্রামের গাছ ব্যবসায়ী নুরজার হোসেন গাছের কাটা অংশ আলমসাধু গাড়িতে তুলছিলেন। একটি বড় গাছের কাটা অংশ গাড়িতে তুলতে স্কুলছাত্র হযরত ডেকে নেয়। এসময় গাড়ি থেকে একটি গাছের গুড়ি ছিটকে হযরতের শরীরে আঘাত করে । এতে সে মাথা ও মুখে গুরুত্বর আঘাত পেয়ে ঘটনাস্থলেই মারা যায়। এ ঘটনায় এলাকায় উত্তেজনা দেখা দেয়। খবর পেয়ে দুপুর ১২টার দিকে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটনার পর থেকে অভিযুক্ত গাছ ব্যবসায়ী নুরজার পালিয়েছেন।

স্থানীয় ইউপি সদস্য আনিসুজ্জামান জানান, স্কুলছাত্রের বাড়ির পাশেই গাছ ব্যবসায়ীরা আলমসাধু গাড়িতে গাছের গুড়ি তুলছিল। ওই স্কুল ছাত্র গাছের গুড়ি তুলতে সাহায্য করতে গেলে গাড়ি থেকে গাছের কাটা গুড়ি তার শরীরের উপর ছিটকে পড়ে। ঘটনাস্থলেই সে মারা যায়।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, সকালে গাছের গুড়ি তুলতে গিয়ে এক স্কুলছাত্র নিহত হয়েছে। ঘটনাস্থলে পুলিশ উপস্থিত হয়ে লাশের সুরতহাল করেন। অভিযোগ পেলে, তদন্ত সাপেক্ষে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

চুয়াডাঙ্গায় মাদক মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গায় মাদক মামলায় একজনের যাবজ্জীবন সেই সঙ্গে ২০ হাজার টাকা জরিমানা অনাদায় আরো ৩ মাস বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দিয়েছেন অতিরিক্ত জেলা ও দায়রা জজ-২ আদালতের বিজ্ঞ বিচারক মাসুদ আলী। রবিবার (১ অক্টাবর) দুপুরে এ রায় ঘোষনা করা হয়।

কারাদণ্ডপ্রাপ্ত আসামী হলো চুয়াডাঙ্গা সদর উপজলার আলুকদিয়া গ্রামের রবিউলের ছেলে লালন।

মামলার বিবরণে জানা যায়, ২০২১ সালের ৬ জুন চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া গ্রামের রবিউলের ছেলে লালনকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্টরা ৮৪ পিস বুপ্রেনরফাইন এ্যাম্পুলসহ আটক করে। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এসআই আবুল কালাম আজাদ বাদী হয়ে ২ জনকে অভিযুক্ত করে সদর থানায় মামলা দায়ের করেন। পুলিশ তদন্ত শেষে ২ জনকে আসামী করে আদালতে চার্জশিট দাখিল করেন। স্বাক্ষী গ্রহণ শেষে সন্দেহতীতভাবে প্রমানিত হওয়ায় এ রায় ঘোষণা করা হয়। দুই জন আসামীর মধ্য লালনকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হলেও অপর আসামী আযুব আলীক বেকসুর খালাস দেওয়া হয়েছে।

দামুড়হুদায় মেয়েকে কুপিয়ে হত্যার অভিযোগ বাবার বিরুদ্ধে

দামুড়হুদায় ঘুমন্ত মেয়ে মর্জিনা খাতুনকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে বাবা আজিবার মণ্ডলের বিরুদ্ধে। গতকাল শনিবার রাত দেড়টার দিকে উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটে।

নিহতের বোনের ছেলে হোসেইন বলেন, সন্ধ্যায় সমিতি থেকে নেয়া ঋণের

কিস্তির টাকা দেওয়া নিয়ে বাবা আজিবার মণ্ডলের সঙ্গে মর্জিনা খাতুনের বাগবিতণ্ডা হয়। এরই জেরে রাত দেড়টার দিকে ঘুমন্ত অবস্থায় মেয়েকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করেন আজিবার মণ্ডল। একপর্যায়ে বাড়ির একটি গর্তে ফেলে রাখেন। এ সময় মর্জিনার চিৎকারে তার মেয়ে রোকসানা ছুটে এলে তাকেও এলোপাতাড়ি কুপিয়ে জখম করেন আজিবার। পরে দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে মর্জিনাকে মৃত ঘোষণা করেন চিকিৎসক।

জরুরি বিভাগের চিকিৎসক মুস্তাফিজুর রহমান বলেন, মর্জিনা খাতুনকে হাসপাতালে মৃত অবস্থায় নিয়ে আসা হয়েছিল। তার শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্রের আঘাত রয়েছে। রোকসানার দুই হাত জখম হয়েছে।

বিষয়টি নিশ্চিত করেছেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ (এসআই) ইমরান। তিনি বলেন, ঘটনার পরেই পালিয়েছেন অভিযুক্ত আজিবার মণ্ডল। তাকে আটকের চেষ্টা চলছে।

দর্শনা পৌর মুক্তিযাদ্ধা সন্তান কমান্ডরের কমিটি গঠন

বাংলাদেশের বীর মুক্তিযাদ্ধা সন্তান কমান্ডের দর্শনা পৌর শাখা কমিটি ঘোষনা করা হয়েছে। এ কমিটিত কেরুজ চিনিকলের অবসরপ্রাপ্ত নিরাপত্তা ইন্সপেক্টর গিয়াসউদ্দিন পিনা সভাপতি ও সাধারণ সম্পাদক করা হয়েছে আলমগীর রহমানকে।

আজ শনিবার সকাল ১০ টার দিকে কেরুজ ট্রনিং কমপ্লেক্স অনুষ্ঠিত সভায় এ কমিটির দুটি পদ নাম ঘোষনা করা হলেও বাকী ৪৯ জনর নাম ঘোষনা দেয়া হতে পারে আগামি ৭ দিনের মধ্য।

কমিটি গঠন ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য দেন, কেদ্রীয় মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের সভাপতি মিজানুর রহমান। প্রধান বক্তা যুগ্ন সাধারণ সম্পাদক মিজানুর রহমান আজাদ, বশির আহমদ, খুলনা বিভাগীয় সভাপতি নাজমুল সাকিব সিদ্দিকী, সাধারণ সম্পাদক

ফকির মোহাম্মদ আলী, সহসভাপতি রোকেয়া পারভিন, চুয়াডাঙ্গা জেলা আহায়ক গরীব রুহানী মাসুম। বিশেষ অতিথি ছিলেন, কেদ্রীয় কমিটির সহসভাপতি আবু ইউসুফ ব্যাপারী, সাংগঠনিক সম্পাদক কামরুল ইসলাম, মনজুরুল ইসলাম, ঢাকা দক্ষিনের সভাপতি মাহমুদুল হাসান ঝটু, নুসরাত জাহান, ছালাউদ্দিন প্রমুখ।

অন্যান্যর মধ্যে উপস্তিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদ, সন্তান কমান্ডের নাজিম উদ্দিন, খবির উদ্দিন, বাবুল আক্তার, শওকত আলী ও মোহাম্মদ আলী। সভার সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা শাখার আহায়ক কামাল উদ্দিন আহমেদ সান্টু।
উপস্থাপনা করেন যুগ্নআহায়ক ইকবাল রেজা। পরে দর্শনা পৌর শাখার সভাপতি পদ গিয়াস উদ্দিন পিনা ও সাধারণ সম্পাদক আলমগীর রহমানের নাম ঘোষনা দেন কেদ্রীয় কমিটির নেতৃবৃন্দ। আগামী ৭ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠন হবে বলে জানান কামাল উদ্দিন আহমদ সান্টু। পরে একটি র্যালি বের করে কেরুজ আঙ্গিনা প্রদক্ষিন করেন।